

31

**চট্টগ্রাম
 ভাসিটি
 পরিস্থিতি**

(চট্টগ্রাম অফিস)
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ
 শিক্ষক পরিষদ স্থানীয় বিভিন্ন
 রাজনৈতিক নেতা, অভিভাবক ও
 সাংবাদিকদের সহিত মত বিনি-
 ময়ের পূর্ব ঘোষিত কর্মসূচী
 প্রত্যাহার করিয়াছে। গতকাল
 (২য় পৃ: ৫-এর ক: স্র:)

**চট্টগ্রাম ভাসিটি
 (শেষ পৃ: পর)**

(বৃহস্পতিবার) পরিষদের এক
 প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়,
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে শিবির
 কবলমুক্ত করিয়া সম্মানসম্মত ক্যাম্পাস
 প্রতিষ্ঠায় সরকারের আন্তরিকতায়
 আশান্বিত হইয়া এই কর্মসূচী
 প্রত্যাহার করা হইয়াছে। আজ
 (শুক্রবার) বিকালে শহরস্থ বিশ্ব-
 বিদ্যালয় ক্লাবে পরিষদের এক
 জরুরী সভা অনুষ্ঠিত হইবে।

এদিকে গতকাল অধ্যাপক
 ড: মোহাম্মদ জহুরুল হক, অধ্যা-
 পক নুরুদ্দিন ও ড: মাহবুব উল্লাহ
 স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে
 বলা হয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
 পরিস্থিতি পর্যালোচনা ও বিরাজ-
 মান সংকট অবসানের লক্ষ্যে
 ব্যর্থ ভিসি'র অপসারণের দাবী
 জানানোর জন্য আজ বিকাল ৪টায়
 স্থানীয় জে এম সেন হলে শিক্ষক
 পেশাজীবী ও অভিভাবকদের এক
 সমাবেশ অনুষ্ঠিত হইবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতী-
 যতাবাদী শিক্ষক পরিষদ নেতৃবৃন্দ
 আগামীকাল (শনিবার) ভিসি
 কর্তৃক সিণ্ডিকেটের বৈঠক
 আহ্বানের প্রতিবাদ জানাইয়াছেন।
 গতকাল এক বিবৃতিতে তাহারা
 বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ অবস্থায়
 সিণ্ডিকেটের সভা আহ্বান পরি-
 স্থিতিকে জটিল করিয়া তুলিবে।
 পদত্যাগের জন্য সরকারের পরা-
 মর্শ উপেক্ষা করিয়া বর্তমান ভিসি
 বিষয়টিকে রাজনীতিকরণের
 চেষ্টা চালাইতেছেন বলিয়া তাহারা
 উল্লেখ করেন।

এদিকে শিক্ষক সমিতির
 প্রেসবিজ্ঞপ্তিতে বন্ধের মধ্যে একই
 দিনে সিণ্ডিকেট ও ফিন্যান্স
 কমিটির বৈঠক আহ্বানের প্রতি-
 বাদ জানাইয়া বলা হয়, ইহা
 বিগত অর্থ বৎসরের ন্যায় সিনে-
 টের অনুমোদন ব্যতীত আর্থিক
 কর্মকাণ্ড পরিচালনার অপপ্রয়াস
 ছাড়া কিছু নয়।